গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.০২৩.০০২.১৫(অংশ-২)- ৬২৭

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ
১৯ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত সভা গত ১৫/০৫/২০১৯ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৬ (ছয়) ফর্দ।

(সৈয়দ ফরহাদ হোসেন)
উপসচিব
ফোনঃ +৮৮-০২- ৯৫৭০৬৪৬
(e-mail: admin1.section@rdcd.gov.bd)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

০১। অতিরিক্ত সচিব (প্রঃ ও বাঃ)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
০৪। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্ক ইউনিয়ন), ঢাকা।
০৬। প্রকল্প পরিচালক, আমার বাড়ী আমার খামার প্রকল্প, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ) ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা/প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩য় পর্যায়) প্রকল্প, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৭। যুগ্মসচিব (আইন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০৯। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০।
১০। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, কারওয়ান বাজার, ঢাকা।
১১। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
১২। ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা।
১৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় **(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)**।
১৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)**।
১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)**।
১৬। উপ-সচিব (প্রশাসন/প্রতিষ্ঠান-১/বাজেট/এপিএ/প্রতিষ্ঠান শাখা-২/প্রশাসন, সমবায়/আইন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ঢাকা।
১৭। উপ-প্রধান (পরিকল্পনা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**।।
১৯। সিঃ সহঃ সচিব/সহকারী সচিব, উন্নয়ন শাখা/আইন শাখা/প্রতিষ্ঠান শাখা-১/বাজেট শাখা-১ ও ২, পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১/২/৩/৪/৫/৬, এ বিভাগ, ঢাকা।
২০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
২১। হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সহকারী প্রোগ্রামার-১/২, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। নির্বাহী সচিব, জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, ফেডারেশন ভবন, মতিঝিল, ঢাকা।
২৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

**বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ (২০২০-২০২১) উদ্‌যাপন উপলক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতিঃ | : | জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| সভার তারিখ ও সময়ঃ | : | ১৫/০৫/২০১৯ খ্রিঃ, দুপুর ১২.০০ ঘটিকা |
| সভার স্থানঃ | : | এ বিভাগের সম্মেলন কক্ষ<br>(ভবন নং-৭, কক্ষ নং-৬৩৩, ৭ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |

২.০ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ (২০২০-২০২১) উদ্‌যাপন উপলক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর সংস্থাসমূহের প্রাপ্ত/কর্মপরিকল্পনা পর্যালোচনাপূর্বক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য এক সভা ১৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার।

৩.০ সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাদের/সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক"-তে দেয়া হলো।

৪.০ সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় জাতীয় এবং আন্তর্জাতিকভাবে উদ্‌যাপনের লক্ষ্যে সরকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি' এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি' গঠন করেছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন একটি বিশাল কর্মযজ্ঞ। এ কারণে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত কেন্দ্রীয় কর্মসূচির পাশাপাশি এ বিভাগ স্ব উদ্যোগে নানা কর্মসূচি গ্রহণ করছে। কাজেই এ বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক একটি কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক তা জাতীয় বাস্তবায়ন কমিটিতে প্রেরণ করা জরুরী।

৫.০ বিস্তারিত আলোচনাক্রমে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | বিষয় | কর্মপরিকল্পনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১. | শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমী, জামালপুর এর কার্যক্রম উদ্বোধন | আরডিএ-তে শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমী, জামালপুর এর কার্যক্রম উদ্বোধন (১৭ মার্চ ২০২০ সালে ঘোষনা করা হবে) | ১৭ মার্চ ২০২০ সালে ঘোষনা করা হবে |
| ২. | ক) জাতির পিতা বঙ্গবন্ধুর সমাধিতে পুষ্প মাল্য অর্পন<br>খ) জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন<br>গ) যথাযথ মর্যাদায় ১৭ মার্চ উদযাপন | টুঙ্গিপাড়ায় অবস্থিত বঙ্গবন্ধুর সমাধিতে পুষ্পমাল্য অর্পন করা হবে।<br>ধানমন্ডির ৩২ নম্বরে বর্ণিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন<br>বঙ্গবন্ধু'র জন্মদিন ও জাতীয় শিশু দিবস সম্পর্কে আলোচনা, দোয়া মাহফিল, দরিদ্যদের মাঝে খাবার বিতরণ।<br>বিভিন্ন সময়ে সমবায় বিষয়ে বঙ্গবন্ধু প্রদত্ত ভাষণ ও বঙ্গবন্ধুর সমবায় চিন্তার উপর ভিত্তি করে ডকুমেন্টারি নির্মাণ ও বছরব্যাপী সরকারী ও বেসরকারী বিভিন্ন টিভি চ্যানেলে প্রচারের ব্যবস্থা গ্রহণ।<br>বঙ্গবন্ধুর সমবায় চিন্তার উপর পর্যালোচনামূলক বিশেষ সংখ্যা প্রকাশ। | ১৭ মার্চ, ২০২০ |
| ৩. | "বঙ্গবন্ধু: স্বাধীনতার রুপকার শীর্ষক" আলোচনা সভা আয়োজন | "বঙ্গবন্ধু: স্বাধীনতার রুপকার শীর্ষক" আলোচনা সভা আয়োজন | ১৭ মার্চ, ২০২০ |
| ৪. | বঙ্গবন্ধু চেয়ার স্থাপন | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু চেয়ার স্থাপন করা হবে | ১৭ মার্চ, ২০২০ |
| ৫. | জন্মশতবার্ষিকী' ও 'জাতীয় শিশু দিবস-২০২০' উপলক্ষ্যে সপ্তাহব্যাপী (১১-১৭ মার্চ ২০২০) নানা অনুষ্ঠানের আয়োজন | এ বিভাগের অধীনস্থ বিভিন্ন প্রতিষ্ঠানের কেক কেটে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উদযাপন, 'বঙ্গবন্ধুর জীবন ও কর্ম' বিষয়ের উপর রচনা প্রতিযোগিতা, কর্মকর্তা-কর্মচারীদের পরিবারবর্গ, প্রশিক্ষণার্থী ও শিশু-কিশোরদের বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণসমূহ প্রদর্শন, পবিত্র কোরআন খতম, বিশেষ মুনাজাত ও এতিম শিশুদের খাওয়ানো, শিশু কিশোরদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও মুক্তিযুদ্ধ বিষয়ক আলোকচিত্র ও প্রামাণ্যচিত্র প্রদর্শন | ১৭ মার্চ, ২০২০ |

| ক্রঃ নং | বিষয় | কর্মপরিকল্পনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ৬. | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস | আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাংকন ইত্যাদি আয়োজনের মাধ্যমে জাতির জনকের কর্ম ও অবদানের যথাযথ প্রচার ও নতুন প্রজন্মের মধ্যে দেশাত্ববোধের উন্মেষ ঘটানো।<br><br>মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে ২৬ মার্চ, ২০২০ সালে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে যথাযথ মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন এবং রঙ্গিন ব্যানার, ফেস্টুন দিয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সজ্জিতকরণ ও আলোকসজ্জার আয়োজন। | ২৬ মার্চ, ২০২০ |
| ৭. | সেমিনার আয়োজন | International Cooperative Alliance (ICA) ও AARDO এর সমন্বয়ে দুইটি আন্তর্জাতিক সেমিনার আয়োজন করা হবে। সেমিনারের মূল বিষয়: "বঙ্গাবন্ধুর সমবায় ভাবনা এবং আন্তর্জাতিক/ বৈশ্বিক সমবায় নীতি" | ১ম সেমিনার ১লা এপ্রিল, ২০২০<br>ও<br>২য় সেমিনার ৩০ জুন, ২০২০ |
| ৮. | "বঙ্গাবন্ধুর পল্লী উন্নয়ন ভাবনা ও অবদান" বিষয়ক কর্মশালার আয়োজন | ১লা জুলাই-২০২০ তারিখে বিআরডিবি-এর মাধ্যমে (বঙ্গাবন্ধু কর্তৃক সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচি প্রতিষ্ঠার দিন) "বঙ্গাবন্ধুর পল্লী উন্নয়ন ভাবনা ও অবদান" বিষয়ক কর্মশালার আয়োজন | ১লা জুলাই, ২০২০ |
| ৯. | ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস পালন | ক) ১৫ আগষ্ট, ২০২০ তারিখে জাতীয় শোক দিবসে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হবে।<br>পবিত্র কোরআন পাঠ এবং মিলাদ ও দোয়ার আয়োজন করা হবে।<br>খ) জাতীয় কর্মসূচী অনুসরনে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন | ১৫ আগষ্ট, ২০২০ |
| ১০. | বঙ্গাবন্ধুর দর্শনে টেকসই উন্নয়ন ও জাতিসংঘ কর্তৃক গৃহীত SDGs বিষয়ক Key নোট উপস্থাপন ও গবেষণা প্রকাশ | ১৯৭৪ সালের জাতিসংঘের সাধারন পরিষদে বঙ্গাবন্ধু বাংলাদেশের টেকসই উন্নয়ন ও দারিদ্র বিমোচন বিষয়ে ভাষন প্রদান করেন। এর পরিপ্রেক্ষিতে বার্ড-এর মাধ্যমে বঙ্গাবন্ধুর দর্শনে টেকসই উন্নয়ন ও জাতিসংঘ কর্তৃক গৃহীত SDGs বিষয়ক Key নোট উপস্থাপন ও গবেষণা প্রকাশ | ২৪ সেপ্টেম্বর, ২০২০ |
| ১১. | বাংলা ভাষাকে আন্তর্জাতিক পরিমন্ডলে উপস্থাপনে জাতির পিতার ভূমিকা বিষয়ক আলোচনা | ১৯৭৪ সালে জাতিসংঘের ২৯তম অধিবেশনে সর্বপ্রথম বঙ্গাবন্ধুর বাংলায় ভাষন প্রদান করেন। এর পরিপ্রেক্ষিতে বার্ড-এর মাধ্যমে বাংলাভাষাকে আন্তর্জাতিক পরিমন্ডলে উপস্থাপনে জাতির পিতার ভূমিকা বিষয়ক আলোচনা | ২৫ সেপ্টেম্বর, ২০২০ |
| ১২. | পল্লী বিপনী কেন্দ্র চালুকরণ-৩য় পর্যায় | ১০০টি পল্লী বিপনী কেন্দ্র চালুকরণ। | ৩০ সেপ্টেম্বর, ২০২০ |
| ১৩. | জাতীয় সমবায় দিবস ২০২০ উদযাপন | বঙ্গাবন্ধুর সমবায় ভাবনার উপর ভিত্তি করে জাতীয় সমবায় দিবস ২০২০ পালন। | নভেম্বর, ২০২০ |
| ১৪. | বিশেষ পুরস্কার প্রদান | সমবায় সেক্টরে বিশেষ অবদানের জন্য সমবায়ী/ সমবায় সমিতিকে বঙ্গাবন্ধু পুরস্কার প্রদান করা হবে। | নভেম্বর, ২০২০ |
| ১৫. | পল্লী বিপনী কেন্দ্র চালুকরণ-৪র্থ পর্যায় | ১০০টি পল্লী বিপনী কেন্দ্র চালুকরণ। | ৩০ ডিসেম্বর, ২০২০ |
| ১৬. | "তারুণ্যের দীপ্তি অমলিন" শীর্ষক কর্মসূচির আয়োজন | ২১ ফেব্রুয়ারী ২০২১ তারিখে বিআরডিবি-এর মাধ্যমে "ভাষা শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা" দিবসে "তারুণ্যের দীপ্তি অমলিন" শীর্ষক কর্মসূচির আওতায় ৬৪টি জেলায় তরুন/যুবদের নিয়ে ৬৪টি সমিতি গঠন | ২১ ফেব্রুয়ারী, ২০২১ |
| ১৭. | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | বার্ডের মাধ্যমে ভাষা আন্দোলন, সর্বস্তরে বাংলাভাষা প্রচলন ও বাংলাভাষার আন্তর্জাতিক স্বীকৃতি অর্জনে বঙ্গাবন্ধুর ভূমিকা শীর্ষক আলোচনা সভা। | |
| ১৮. | গণসমাবেশ আয়োজন | জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে সমবায়ীদের অংশগ্রহণে ঢাকায় একটি গণসমাবেশের আয়োজন করা হবে। | মার্চ, ২০২১ |
| ১৯. | পাইলটিং প্রকল্প গ্রহণ | বঙ্গাবন্ধুর গ্রাম ভিত্তিক গণমুখী সমবায় ভাবনার আলোকে ১৬ টি গ্রামকে আমার গ্রাম আমার শহর ধারনায় শহরের সুবিধা সৃষ্টির লক্ষ্যে পাইলট প্রকল্প গ্রহণ করা হবে। | বছরব্যাপী |

| ক্রঃ নং | বিষয় | কর্মপরিকল্পনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ২০. | আমার বাড়ি আমার খামার-এর মাধ্যমে দরিদ্র মানুষের সেবা প্রদান | আমার বাড়ি আমার খামার-এর মাধ্যমে কর্মসূচি বহির্ভূত অবশিষ্ট দরিদ্র মানুষকে আমার বাড়ি আমার খামার প্রকল্পের আওতাভুক্ত করে তাদের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ | বছরব্যাপী |
| ২১. | পরিবেশ ও আর্থিক উন্নয়নের ভিত রচনার বছর ঘোষণা। | আমার বাড়ি আমার খামার-এর তত্ত্বাবধানে পরামর্শ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ৫৪,৬০,০০০ সদস্য পরিবারে ২ টি ফলদ এবং ২টি বনজ গাছের মোট ২ কোটি ১৮ লক্ষ ৪০ হাজার চারা রোপণ করে পরিবেশ ও আর্থিক উন্নয়নের ভিত রচনার বছর ঘোষণা ও বাস্তবায়ন করা | বছরব্যাপী |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংকে দৈনিক ২-৫ টাকা হারে সঞ্চয় | আমার বাড়ি আমার খামার-এর মাধ্যমে পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরিত সকল সদস্যের দৈনিক ২-৫ টাকা হারে সঞ্চয় জমার মাধ্যমে নিজস্ব পুঁজি বৃদ্ধি নিশ্চিত করা | বছরব্যাপী |
| ২৩. | গবেষণা ও প্রায়োগিক গবেষণা আয়োজন | বার্ড-এর মাধ্যমে আমার গ্রাম আমার শহর বিষয়ে গবেষণা ও প্রায়োগিক গবেষণা কার্যক্রম হাতে নেয়া হবে। | বছরব্যাপী |
| ২৪. | হ্যাচারীর মাধ্যমে ১০ লক্ষ মৎস্য পোনা উৎপাদন | আরডিএ-এর হ্যাচারীর মাধ্যমে ১০ লক্ষ মৎস্য পোনা উৎপাদন করে উন্মুক্ত জলাশয়ে অবমুক্ত করা (২০২০ সালের জানুয়ারি-মার্চ হতে পোনা উৎপাদন এবং ২০২০ সালের জুন-জুলাই মাসে উন্মুক্ত জলাশয়ে অবমুক্ত করা)। | বছরব্যাপী |
| ২৫. | চারা উৎপাদন ও প্রশিক্ষণ আয়োজন | আরডিএ-এর নার্সারীর তত্ত্বাবধানে ১০ লক্ষ ফলদ চারা ও ৫০ হাজার নীম চারা উৎপাদন করে গ্রামাঞ্চলে রোপন (২০১৯ সালের জুন-জুলাই হতে চারা উৎপাদন ও প্রশিক্ষণ শুরু এবং ২০২০ সালের জুন-জুলাই মাসে গ্রাম অঞ্চলে চারা রোপন) | বছরব্যাপী |

৬.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ কামাল উদ্দিন তালুকদার)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ